ফিফার রেফারি হওয়ার স্বপ্ন গাংনীর আব্বাস আলীর

ফিফার রেফারি হওয়ার স্বপ্ন দেখছেন মেহেরপুরের গাংনীর কৃতি সন্তান মো: আব্বাস আলী। তিন বছর আগে ফুটবল ফেডারেশনের তালিকা ভুক্ত হওয়ার পর থেকে দীর্ঘদিনের সেই স্বপ্ন দ্রত বাস্তবায়ন হবে এমন প্রত্যাশা তার।

মো: আব্বাস আলী গাংনী উত্তর পাড়ার বিশিষ্টি ব্যবসায়ী ইন্তাজ আলীর ছেলে। সে অনার্স মাষ্টার্স শেষ করে গাংনীতে গড়ে তুলেছেন ফুটবল একাডেমি।

রেফারি মো: আব্বাস আলী জানান,ছোট থেকে পড়াশুনার ফাঁকে ফাঁকে এলাকার বড় ভাইদের সাথে গিয়ে খেলা করতাম। খোলোয়ারদের পাশাপাশি রেফারি খেলা পরিচালনা দেখে স্বপ্ন ছিলো ফিফার রেফারি হবো। সপ্নকে বুকে ধারন করে ফুটবল ফেডারেশন রেফারির প্রশিক্ষণ গ্রহন করি।

তিনি বলেন, জাতীয় স্কুল ফুটবললীগ, জেলা প্রথম বিভাগ সহ দেশের বিভিন্ন জেলায় ফুটবল খেলায় রেফারির দায়িত্ব পালন করেছি। এখন ফুটবল ফেডারেশনের রেফারি হয়ে জীবনের সপ্নকে বাস্তবায়ন করতে চাই। বাফুফে কর্তৃপক্ষ নিশ্চই তার সপ্নের পথে পৌছাতে সার্বিক সহযোগিতা করবে বলে প্রত্যাশা করেন তিনি।

তিনি আরো বলেন, বর্তমান সমাজে মাদক ও মোবাইল ফোনে উঠতি বয়সের যুবকদের বিপদগামী করে তুলছে। যুবকদের খেলাধুলার মাধ্যমে মাদক থেকে ফিরিয়ে আনা সম্ভব।

তিনি আরো বলেন, বাংলাদেশের জনপ্রিয় খেলা ফুটবল অনেকেই খেলে। কিন্তু কেউই ঠিক নিয়ম জানেনা। সকলেই মনগড়া নিয়ম তৈরি করে খেলা পরিচালনা করেন। ফুটবল খেলায় ফিফার যে বিধি বিধান আছে সেই গুলো সকলের মাঝে তুলে ধরে ফুটবলের উন্নতি করা ও ফুটবলের ঠিক নিয়ম এর মাধ্যমে জাতীয় পর্যায়ে খেলোয়াড় তৈরি করা।

স্থানীয় ফুটবল খেলোয়াররা জানান, মো: আব্বাস আলী শুধু বাফুফের সদস্যই না সে যেন ফিফার রেফারি হতে পারে এজন্য সরকার ও বাফুফের দৃষ্টি কামনা করেন। তারা বলেন, রেফারি মো: আব্বাস আলী জেলার

গর্ব তাকে নিয়ে গর্ববোধ করি। সে বাফুফের রেফারি হয়ে দেশের তথা এ অঞ্চলের মুখ উজ্জ্বল করবে এটাই প্রত্যাশা তাদের।

সাবেক ফুটবলার যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি সদস্য আব্দুস সালাম মূর্শেদী এমপি বলেন, দেশে দক্ষ রেফারির প্রচুর চাহিদা রয়েছে একারনে করোনার মধ্যেও প্রশিক্ষণ কোর্স চলমান ছিলো। দেশের অনেকেই ফিফার রেফারি হিসেবে দায়িত্ব পালন করেছে। আমরা রেফারিদের বিদেশে পাঠাতে পারলে অভিজ্ঞাতা বাড়বে। এ বিষয়ে ব্যবস্থা নেয়া হচ্ছে।

গাংনী বাজারে আবারো হার্ডওয়ারের দোকানে দুই লক্ষাধিক টাকা চুরি

গাংনী বাজারের সাইদ হার্ডওয়ারের টিন কেটে আড়াই লাখ টাকা চুরির ঘটনা ঘটেছে। শনিবার দিনগত রাতের কোনো একসময় টাকা চুরির ঘটনা ঘটে।

এঘটনায় গাংনী থানা পুলিশ জিজ্ঞাসাবাদের জন্য হাবিবুর রহমান নামের একজনকে আটক করেছে।

সাইদ হার্ডওয়ারের মালিক আবু সাইদ জানান, শনিবার সারাদিন ব্যাবসা শেষে ২ লাখ ৫০ হাজার টাকা ড্রয়ারে রেখে বাহিরের সমস্ত তালা লঅগিয়ে বাড়ি যায়। প্রতিদিনের ন্যায় রবিবার সকালে দোকান খুলে দেখি ঘরের মধ্যে সূর্যের আলো প্রবেশ করছে। এবং উপরের টিন কাটা। ড্রয়ারে একটি টাকাও নেই।

সাথে সাথে পুলিশকে খবর দিলে গাংনী থানার ওসি দোকানে এসে সিসি টিভি ফুটেজ নিয়ে চোর সনাক্তের চেষ্টা করছেন। সিসি টিভি ফুটেজ দেখে এঘটনায় সন্দেহ ভাজন গাংনী মহিলা কলেজপাড়ার সিরাজুল ইসলামের ছেলে হাবিবুর রহমান নামের একজন থানায় নিয়ে যাওয়া হয়েছে।

গাংনী থানার ওসি বজলুর রহমান জানান, সিসি টিভিতে সংরক্ষিত ভিডিও

ফুটেজ নিয়ে যাচাই বাছাই চলছে। সকল বিষয় তদন্ত করে ব্যাবস্থা নেয়া হবে।

একটি মানবিক আবেদন

মেহেরপুর গাংনীঁ উপজেলা কসবা ভিটাপাড়া গ্রামের পিরু শেখের ছেলে হাবিবুর রহমান দির্ঘ ১ বছর যাবত গেঙ্গারাজ রোগে ভুগছেন।

এই রোগটি হাবিবুর রহমান এর পায়ে সংক্রমিত হয়, ফলে পায়ের আঙ্গুল নষ্ট হয় এবং আঙুল কেটে ফেলতে হয় রোগটি আস্তে আস্তে সারা শরীরে ছড়িয়ে পড়ছে। যার কারণে তার হাতের এবং পায়ের দুইটা আংগুল অপারেশন করে কেটে ফেলা হয়েছে।

কর্মরত চিকিৎসকরা জানান,আরও দুইটা আংগুল রোগ সংক্রমিত হয়েছে এবং অতি তাড়াতাড়ি অপারেশন না করলে তা আরও ছড়িয়ে পড়বে। হাবিবুর রহমানের এক মাত্র নবম শ্রেণীর ছাত্র ফরহাদ হোসেন কঠোর পরিশ্রম করে কোনো রকমে সংসার চালাচ্ছে।

কিন্তু অপারেশন করা জন্য তাদের পক্ষে অসম্ভব হয়ে পড়েছে। অপারেশনের জন্য অনেক টাকা লাগবে তাই সবার কাছে অনুরোধ জানিয়েছে তার পরিবার।

যোগাযোগ:- ০১৯৬৩-০৬৩৮৩০

গাংনী পৌরসভার নব-নির্বাচিত মেয়র আহম্মেদ আলীকে সংবর্ধনা

মেহেরপুরের গাংনী পৌরসভার নব-নিবাচিত মেয়র আহম্মেদ আলীকে সংবর্ধনা প্রদান করা হয়েছে। গতকাল শুক্রাবার বিকালে গাংনী

পৌরসভা চত্বরে সংবর্ধনার আয়োজন করে গাংনী উপজেলার কাজীপুর ইউনিয়ন জয় পরিষদ।

সংবর্ধনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কাজীপুর ইউনিয়ন জয় পরিষদের সভাপতি রোকনুজ্জামান। প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন গাংনী পৌরসভার নব-নির্বাচিত মেয়র ও আওয়ামী লীগের নেতা আহম্মেদ আলী।

এ সময় বক্তব্য রাখেন বিশিষ্ট ব্যবসায়ী নাজমুস সাদাত, গাংনী পৌরসভার উচ্চমান সহকারী জামিরুল ইসলাম টিক্কা, কাজীপুর ইউনিয়ন জয় পরিষদের সাধারণ সম্পাদক ও স্থানীয় ইউপি নির্বাচনের সম্ভাব্য মেম্বর প্রার্থী রবিউল ইসলাম ডাবলু।

অন্যান্যদের মধ্য বক্তব্য রাখেন কাজীপুর ইউনিয়ন জয় পরিষদের সদস্য যথাক্রমে বাবু আহমেদ, জহিরুল ইসলাম, তরিকুল ইসলাম, নয়ন হোসেন, তিতাস হোসেন, বাদশা মিয়া, তরিকুল ইসলাম, মুস্তাকিম হোসেন ও শ্যামল হোসেন প্রমুখ।

সোমবার গাংনীতে আসছেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী

মেহেরপুরের গাংনীতে আসছেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ফরহাদ হোসেন দোদুল এমপি।

আগামী সোমবার সকাল ১০টায় গাংনীতে পৌঁছে উপজেলার বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন করবেন। দুপুর ৩ টায় গাংনী হাইস্কুল প্রাঙ্গনে মেহেরপুর জেলা আওয়ামী লীগ আয়োজিত জনসভায় যোগদান করবেন।

এর আগে ৩ দিনের সরকারী সফরে ঢাকা থেকে আগামী শনিবার মেহেরপুর সার্কিট হাউজ মিলনায়াতনে সরকারি কর্মকর্তাদের সাথে মতবিনিময় করবেন। আগামী রবিবার সকাল ১০টায় মুজিবনগর উপজেলার গৌরীনগর খালের পুনর্খনন কাজ পরিদর্শন করবেন।

ওইদিন বিকালে মেহেরপুর সদর উপজেলার গোপালপুর খালের খনন কাজের

উদ্বোধন করবেন। সন্ধ্যায় তিনি মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমী কর্তৃক আয়োজিত বর্ষবরণ অনুষ্ঠানে যোগদান করবেন বলে জানা গেছে। আগামী সোমবার সন্ধ্যায় তিনি ঢাকার উদ্দেশ্যে মেহেরপুর ত্যাগ করবেন।

গাড়াবাড়ীয়াতে ক্রিকেট খেলার উদ্বোধন

গাংনী উপজেলার গাড়াবাড়ীয়া গ্রামে ক্রিকেট খেলার উদ্বোধন করলেন ১ নং কাথুলী ইউনিয়নের চেয়ারম্যান মিজানুর রহমান রানা।

গতকাল বিকাল ৪ ঘটিকার সময় গাড়াবাড়ীয়া গ্রামের সাবেক খেলোয়াড় জিনারুল ইসলামের পরিচালানায় খেলার উদ্বোধন করা হয়।

উক্ত খেলার উদ্বোধনী অনুষ্ঠানটি পরিচালনা করেন কুতুবপুর স্কুল এন্ড কলেজের সহকারী শিক্ষক রেজাউর রহমান, সভাপতিত্ব করেন মুক্তিযোদ্ধা সদর আলী, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মিজানুর রহমান রানা চেয়ারম্যান।

আরও উপস্থিত ছিলেন সন্ধানী স্কুল এন্ড কলেজের ক্রিড়া শিক্ষক ইমদাদুল হক, সাবেক ক্রিকেটার ইয়ার ইসলাম, হাফিজুল ইসলামসহ বিভিন্ন শ্রেণীর মানুষ।

এ সময় মিজানুর রহমান রানা তার বক্তব্যে জানান বর্তমানে দেখা যাচ্ছে সকল প্রকার খেলায় যুব সমাজের অনিহা। তবে প্রধান মন্ত্রী মাদক থেকে দূরে রাখতে খেলা ধুলার বিভান্ন কর্মসূচি বাস্তবায়ন করেছেন।

তাই যুব সমাজকে খেলার দিকে ধাবিত করার জন্য গাড়াবাড়ীয়াতে যেন প্রতি বছরেই যেন এই খেলাটি হয় তার জন্য আমি আপনাদের পাশে থেকে সর্বচ্চ সহযোগিতা করবো।
এর চেয়ে বড় ধরনের খেলা যেন পরিচালনা করা যায় সেই ব্যবস্থাও করবো।

গাংনীতে ফসলি জমির মাটি লুট, দেখার কেউ নেই

গাংনী পৌরসভার মাটি ব্যবসায়ীরা বেপরোয়া হয়ে ফসলি জমির মাটি কেটে ইট ভাটায় বিক্রি করছেন। এমন অপতৎপরতা বন্ধে ব্যবস্থা নিতে প্রশাসনকে নড়েচড়ে বসতে হবে বলে মনে করেন এলাকার সাধারণ জনগণ। গাংনী পৌরসভাসহ উপজেলা ব্যাপী অপরিকল্পিত পুকুর খননের কারণে। আবাদি জমি দিন দিন কমতে শুরু করেছে।

বিভিন্ন ইউনিয়ান ভূমি কর্মকর্তাদের মাধ্যমে মাটি ব্যবসায়ীদের ফসলি জমির মাটি কাটা বন্ধের কথা থাকলেও কোন কাজ হচ্ছে না। পরের ফসলি জমির মাটি লুট বন্ধে কোন নমূনা নেই। গাংনী উপজেলায় প্রায় শতাধিক ইট ভাটা রয়েছে। গত নভেস্বর মাস থেকে এসব ভাটায় ইট তৈরি ও পোড়ানোর কাজ শুরু হয়। এতে প্রতিটি ভাটায় প্রয়োজন মাটি।

এসুযোগে বাঁশবাড়ীয়া, জুগীন্দা, চিৎলা, নিত্যান্দপুর, পাকুড়িয়া টেপাপাংয়াশিং, বাহাগুন্দা আযানসহ প্রায় ৩০ স্থানে ভেকু মেশিনের মাধ্যমে মাটি কেটে ট্রাক্টর দিয়ে ফসলি জমির মাটি বিভিন্ন ইট ভাটায় নিয়ে যাচ্ছে। আর জমির মালিকরা না বুঝেই তা ইট ভাটার মালিকদের কাছে বিক্রি করছেন।

চিৎলা গ্রামের সাবেক মেম্বর শফিউর রহমান জানান মাঠে আবাদি জমি কমে যাচ্ছে, সাথে আবাদের পরিবেশ বিভিন্ন ভাবে বিঘ্নিত হচ্ছে। প্রশাসন যদি ব্যবস্থা না নেই তাহলে কৃষি খাতে ক্ষতি হবে।

১নং ওয়ার্ড আওয়ামী লীগ সভাপতি রহিদুল ইসলাম জানান আমি নিজে যত্রতত্র মাটি কাটার জন্য মোবাইল ফোনে গাংনী উপজেলা প্রশাসনকে জানালে তারা আমাকে লিখিত অভিযোগ করতে বলে।

৮নং ধানখোলা ইউপি চেয়ারম্যান আখেরুজ্জামান বলেন জুগীন্দা গ্রামের একটি অপরিকল্পিত পুকুরের কারণে শত শত বিঘা জমি পানিবন্দী হয়ে আবাদের অযোগ্য হয়ে পড়েছে।

গাংনী পৌরসভার মেয়র আহাম্মেদ আলী বলেন পৌরসভা সীমানার ভিতরের

পুকুর খনন করে পৌর নাগরিকদের কোন অসুবিদা করা যাবে না। পুকুর খনন করতে হলে পৌরসভা থেকে অনুমতি নিতে হবে। তানা হলে পৌর আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

মেহেরপুরের গাংনীতে গাঁজাসহ ২ জন আটক

মেহেরপুরের গাংনী উপজেলার সীমান্তবর্তী তেঁতুলবাড়িয়া গ্রাম থেকে ২শ’৫০ গ্রাম গাজাসহ দু’জনকে আটক করেছে মেহেরপুর জেলা ডিবি পুলিশ।

বুধবার দিবাগত রাতে তেঁতুলবাড়িয়া গ্রামের পূর্বপাড়া থেকে তেঁতুলবাড়িয়া দয়েরপাড়ার আবুল কালাম বিশ্বাসের ছেলে এনামুল হক
(৪২) ও সীমান্তবর্তী খাসমহল গ্রামের স্কুলপাড়ার মিশকাত আলীর ছেলে নাজমুল হোসেন (২২) কে ২শ’৫০ গ্রাম গাঁজাসহ আটক করেছে জেলা গোয়েন্দা পুলিশ।

মেহেরপুর জেলা ডিবি পুলিশের ওসি জুলফিকার আলী জানান, দু’জন মাদক ব্যবসায়ী মাদক বিক্রির উদ্দেশ্যে তেঁতুলবাড়িয়া গ্রামের পূর্বপাড়ায় অপেক্ষা করছে।

এমন সংবাদের ভিত্তিতে ডিবির এসআই অজয় কুমার কুন্ডু সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান চালিয়ে তাদের আটক করেন। এসময় তাদের কাছ থেকে ২শ’৫০ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়।

গাংনীতে প্রতিবন্ধীদের মাঝে

হুইল চেয়ার ও শ্রবণযন্ত্র বিতরণ

মেহেরপুরের গাংনীতে প্রতিবন্ধীদের মাঝে হুইল চেয়ার ও শ্রবণযন্ত্র বিতরণ করা হয়েছে। বৃহস্পতিবার দুপুরে গাংনী উপজেলা পরিষদের সভা কক্ষে জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন এর উদ্যোগে প্রতিবন্ধীদের মাঝে এসব হুইল চেয়ার বিতরণ করা হয়।

হুইল চেয়ার বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার সেলিম শাহ নেওয়াজ। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান এম.এ খালেক।

অনুষ্ঠান সঞ্চালনা করেন সমাজসেবা কর্মকর্তা কাজী মোঃ আবুল মনসুর। এসময় আব্দুর রকিব মাষ্টার ও আওয়ামী লীগ নেতা মনিরুজ্জামান আতু উপস্থিত ছিলেন।

গাংনী পৌরসভার মেয়র আহাম্মেদ আলীসহ কাউন্সিলরদের দায়িত্ব গ্রহণ

মেহেরপুরের গাংনী পৌরসভার নির্বাচিত মেয়র ও কাউন্সিলরদের দায়িত্বভার গ্রহণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার বিকাল ৩:৩০ এ মেহেরপুর জেলার গাংনী পৌরসভার নব-নির্বাচিত মেয়রসহ কাউন্সিলরগণ দায়িত্ব গ্রহণ করেছেন।

অনুষ্ঠানে জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী থানা অফিসার ইনচার্জ

(তদন্ত) সাজেদুল ইসলাম, উপজেলা যুব লীগের সভাপতি মোশাররফ হোসেন, মেয়র পত্নী লতিফা হেলালী, গাংনী সরকারি বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আশরাফুজ্জামান লালু, বিশিষ্ট ব্যবসায়ী ফারুক হাসান, কাউন্সিলরগণসহ বিভিন্ন শ্রেণীপেশার মানুষ ।

অনুষ্ঠান পরিচালনা করেন উপজেলা যুব লীগের সাধারণ সম্পাদক শফি কামাল পলাশ। নবনির্বাচিত মেয়র আহাম্মদ আলী পৌরসভায় পৌঁছালে পৌরসভার কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ ফুলেল শুভেচ্ছা প্রদান করেন ।

স্বাগত বক্তব্য রাখেন গাংনী পৌরসভার সচিব পৌর প্রকৌশলী শামীম রেজা । পৌরসভার পক্ষ থেকে নুতন মেয়রকে দায়িত্ব হস্তান্তর করেন প্যানেল মেয়র ও সাবেক কাউন্সিলর মলিদা খাতুন। বক্তারা পৌরসভার উন্নয়নে নুতন মেয়রের সাথে একসাথে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন। সংক্ষিপ্ত বক্তব্য রাখেন, পৌর ছাত্রলীগের সভাপতি ইমরান হাসিব ও সাধারণ সম্পাদক আসিফ ইকবাল অনিক।

এর আগে গতকাল গাংনী পৌরসভার নব-নির্বাচিত পৌর পরিষদ গতকাল সকালে টুঙ্গীপাড়ায় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে শ্রদ্ধা নিবেদন শেষে খুলনা বিভাগীয় কমিশনারের কাছে শপথ গ্রহণ করেন ।

এ সময় প্রধান অতিথির বক্তব্যে এমএ খালেক বলেন, আমরা পৌরসভার শাসক নয়, পৌরবাসীর সেবক। অনেক চ্যালেঞ্জ করে নৌকা প্রতীক প্রার্থীকে বিজয়ী করা হয়েছে। বর্তমান সরকারের উন্নয়ন ও নাগরিক সুবিধা পৌরবাসীকে পৌঁছে দেয়া হবে। পাঁচ বছরের ভোগান্তি থেকে রেহায় পেতে পৌরবাসী তৃতীয়বারের মত আহাম্মেদ আলীকে নির্বাচিত করেছেন। তাকে শিখানোর কিছু নেই তিনি তার কর্মদক্ষতা দিয়ে পৌরপরিষদ পরিচালনা করবেন।

দায়িত্বভার গ্রহণ অনুষ্ঠানে মেয়র আহাম্মেদ আলী বলেন, বিগত পাঁচ বছরের সকল অনিয়ম দুর্নীতি ক্ষতিয়ে দেখা হবে। অনিয়ম ও দুর্নীতির সাথে জড়িতরা যত শক্তিশালীই হোক না তাদের বিচারের আওতায় আনা হবে । তাতে যদি পৌর কর্মকর্তা বা কর্মচারী হোক না কেনো তাকেও শাস্তি পেতে হবে। পাঁচ বছরে পৌরসভা একটি অসহায় ও একপেশি পৌরসভা হিসেবে গড়ে তুলেছিল বিদায়ী মেয়র।

তিনি আরো বলেন, এবারের নির্বাচনে অনেক বিশ্বাস ঘাতককে চিনে নিয়েছি। কারা প্রকৃত আওয়ামী লীগ তাদের মানুষ চিনতে পেরেছে,

আওয়ামী লীগের নেতৃবৃন্দরা। বিশ্বাস ঘাতকদেরও গাংনীর আওয়ামী লীগ থেকে বিতাড়িত করা হবে। সর্বশেষে নির্যাতিত পৌর কর্মচারীদের বিষয়ে সুবিবেচনা করারও প্রত্যয় ব্যাক্ত করেন নব্য যোগদানকারী মেয়র আহাম্মেদ আলী।

উল্লেখ্যঃ গত ১৬ জানুয়ারী ২০২১ ইং তারিখে অনুষ্ঠিত ২য় ধাপের নির্বাচনে গাংনী পৌরসভায় সাবেক মেয়র আহাম্মেদ আলী সরকার দলীয় মনোনয়ন প্রাপ্ত হয়ে নৌকা প্রতীক নিয়ে ৯৪৬০ ভোটে বিজয়ী হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ¦◌ী স্বতন্ত্র প্রার্থী (জগ প্রতীক) আশরাফুল ইসলাম পেয়েছিলেন ২৬৫১ ভোট।